**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১২৪/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ২৭ ডিসেম্বর ২০১৭, ১৩ পৌষ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কারের নির্দেশ প্রধানমন্ত্রীর
একনেকে ১৬ প্রকল্প অনুমোদন

২। গ্র্যাজুয়েটদের জন্য কর্মক্ষেত্র তৈরির আহ্বান রাষ্ট্রপতির

৩। কোন আর্থিক প্রতিষ্ঠানকে দেউলিয়া হতে দেওয়া হবে না : অর্থমন্ত্রী

৪। থার্টিফার্স্ট নাইটে উন্মুক্ত স্থানে কোনো অনুষ্ঠান নয় : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। দেশের প্রতিটি ইউনিয়নে অভিজ্ঞ চিকিৎসক সেবা দিচ্ছেন : স্বাস্থ্যমন্ত্রী

৬। অভিবাসীদের বীমা কর্মসূচি চূড়ান্ত পর্যায়ে : প্রবাসীকল্যাণমন্ত্রী

৭। প্রতিবন্ধীদের সহযোগিতায় আন্তরিকতা নিয়ে এগিয়ে আসতে হবে : সায়মা ওয়াজেদ হোসেন পুতুল

৮। প্রতি জেলায় বিএসটিআইয়ের অফিস চালুর নির্দেশ শিল্প মন্ত্রণালয়ের

৯। ডিএনসিসি'র উচ্ছেদ অভিযানে ছয় কোচিং সেন্টারের লাইসেন্স বাতিল

১০। আগামীকাল শুরু হচ্ছে শিশু চলচ্চিত্র উৎসব

চলমান পাতা-২

**১। বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কারের নির্দেশ প্রধানমন্ত্রীর একনেকে ১৬ প্রকল্প অনুমোদন**

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় মোট ১৬ টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। এ প্রকল্প বাস্তবায়নে ব্যয় হবে ১৬ হাজার ১০ কোটি টাকা। প্রকল্প ব্যয়ের ১১ হাজার ৮৭০ কোটি ৪৮ লাখ টাকা দেওয়া হবে সরকারের নিজস্ব তহবিল থেকে। প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় ও বিভাগগুলোর নিজস্ব তহবিল থেকে ব্যয় হবে ৩০০ কোটি ৩৪ লাখ টাকা। অবশিষ্ট ৩ হাজার ৮৩৯ কোটি ৪২ লাখ টাকা প্রকল্প সহায়তা হিসেবে বিদেশি উৎস থেকে পাওয়া যাবে। গতকাল (২৬ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর এনইসি সম্মেলনকক্ষে একনেক সভা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাশেষে পরিকল্পনা মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল জানান, বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক সংস্কারের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাস্তা তদারকি, মেরামত বা সংস্কারের গুণগতমান বজায় রাখতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতরকে (এলজিইডি) দায়িত্ব পালনের নির্দেশ দিয়েছেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**২। গ্র্যাজুয়েটদের জন্য কর্মক্ষেত্র তৈরির আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গ্র্যাজুয়েটগণ যাতে তাদের মেধা ও সম্ভাবনা কাজে লাগাতে পারে, তার সুযোগ সৃষ্টি করতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল (২৬ ডিসেম্বর মঙ্গলবার) 'বাংলাদেশ ইউনিভার্সিটি অভ্ প্রফেশনালস'র (বিইউপি) ৪র্থ সমাবর্তন-২০১৭'র অনুষ্ঠানে এ আহ্বান জানিয়ে বলেন, অপার সম্ভাবনার দেশ বাংলাদেশের এ সম্ভাবনাকে কাজে লাগাতে আমাদের প্রয়োজন দক্ষ মানব সম্পদ। দেশের জনসংখ্যাকে দক্ষ করে গড়ে তুলতে পারলে তা হবে আমাদের জন্য আশীর্বাদ। তিনি নবীন গ্র্যাজুয়েটদের মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে চাকরির পাশাপাশি স্বকর্মসংস্থানে নিয়োজিত হওয়ার আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.৪,ক.২)।

**৩। কোনো আর্থিক প্রতিষ্ঠানকে দেউলিয়া হতে দেওয়া হবে না : অর্থমন্ত্রী**

দেশের কোনো আর্থিক প্রতিষ্ঠানকে দেউলিয়া হতে দেওয়া হবে না বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, একসময় আইনে দুর্বলতা ছিল। সেগুলোর প্রয়োজনীয় সংস্কার করা হচ্ছে। আইনের সংস্কার হলে অনিয়মের পথ বন্ধ হবে। একইসঙ্গে দেশের বিমাখাতের ভবিষ্যৎ ভালো বলে মনে করেন তিনি। গতকাল (২৬ ডিসেম্বর মঙ্গলবার) সচিবালয়ে সাধারণ বিমা করপোরেশনের ২০১৬ সালের লভ্যাংশ চেক গ্রহণকালে তিনি এ মন্তব্য করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪), **অবজারভার** (পৃ.১০,ক.৫)।

**৪। থার্টিফার্স্ট নাইটে উন্মুক্ত স্থানে কোনো অনুষ্ঠান নয় : স্বরাষ্ট্রমন্ত্রী**

থার্টিফার্স্ট নাইট উদ্‌যাপন উপলক্ষে উন্মুক্ত স্থানে সভা-সমাবেশ, গান-বাজনা-অনুষ্ঠান ও আতশবাজি নিষিদ্ধ করা হয়েছে। নিরাপত্তার স্বার্থে ঘরের মধ্যে সব আয়োজন করার আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (২৬ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর রমনায় বাংলাদেশ পুলিশ অফিসার্স মেসে ঢাকা মেট্রোপলিটন শুটিং ক্লাবের উদ্বোধন অনুষ্ঠানশেষে এসব কথা বলেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** (পৃ.৪,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৫। দেশের প্রতিটি ইউনিয়নে অভিজ্ঞ চিকিৎসক সেবা দিচ্ছেন : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রতিটি ইউনিয়নে অভিজ্ঞ চিকিৎসকরা সেবা দিচ্ছেন। তাই তিনি গ্রামের গর্ভবতী মায়েদের বেসরকারি ক্লিনিকে না গিয়ে ইউনিয়ন ও উপজেলা স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে চিকিৎসাসেবা নেওয়ার পরামর্শ দেন। গতকাল (২৬ ডিসেম্বর মঙ্গলবার) গাজীপুরের কাপাসিয়ায় এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। এদিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স প্রাঙ্গণে ইউনিয়ন স্বাস্থ্য পরিবারকল্যাণ কেন্দ্রে ২৪ ঘণ্টা স্বাভাবিক প্রসবসেবা জোরদারকরণ-বিষয়ক অবহিতকরণ কর্মশালা এবং সৈয়দা জোহরা তাজউদ্দীন মা ও শিশু স্বাস্থ্যসেবা কার্ড অগ্রগতি ও অবহিতকরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৩)।

**৬। অভিবাসীদের বিমা কর্মসূচি চূড়ান্ত পর্যায়ে : প্রবাসীকল্যাণমন্ত্রী**

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, অভিবাসী কর্মীদের নিরাপত্তায় বিমা বাধ্যতামূলক কর্মসূচি বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার। বর্তমানে কর্মসূচিটি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। শীঘ্রই এটি বাস্তবায়ন করা হবে। রাজধানীর ইস্কাটনের প্রবাসীকল্যাণ ভবনে এ সংক্রান্ত একটি কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.৫)।

**৭। প্রতিবন্ধীদের সহযোগিতায় আন্তরিকতা নিয়ে এগিয়ে আসতে হবে : সায়মা ওয়াজেদ হোসেন পুতুল**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার কন্যা ও প্রতিবন্ধিতাবান্ধব দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনাবিষয়ক জাতীয় টাস্কফোর্সের প্রধান উপদেষ্টা সায়মা ওয়াজেদ হোসেন পুতুল বলেছেন, প্রতিবন্ধীদের সহযোগিতায় সকলকে আন্তরিকতা ও মমতা নিয়ে এগিয়ে আসতে হবে। প্রতিবন্ধীদের চলার ও বেঁচে থাকার পথ সুগম করে দিতে হবে। একে সামাজিক আন্দোলন হিসেবে সমাজের সকল স্তরে ছড়িয়ে দেওয়ার ওপর তিনি গুরুত্বারোপ করেন। গতকাল (২৬ ডিসেম্বর মঙ্গলবার) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রতিবন্ধিতাবান্ধব দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনাবিষয়ক জাতীয় টাস্কফোর্সের দ্বিতীয় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.৫)।

**৮। প্রতি জেলায় বিএসটিআইয়ের অফিস চালুর নির্দেশ শিল্প মন্ত্রণালয়ের**

মানসম্মত পণ্য ও সেবা নিশ্চিতে প্রত্যেক জেলায় বিএসটিআইয়ের অফিস চালুর নির্দেশ দিয়েছে শিল্প মন্ত্রণালয়। গতকাল (২৬ ডিসেম্বর মঙ্গলবার) ২০১৭-২০১৮ অর্থবছরে শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় শিল্প সচিব মোহাম্মদ আব্দুল্লাহ এ নির্দেশনা দেন। তিনি বলেন, শুধুমাত্র কয়েকটি চিহ্নিত জেলায় অফিস সম্প্রসারণ না করে দেশের সব জেলা ও আঞ্চলিক পর্যায়ে বিএসটিআইয়ের অফিস চালু করতে হবে। এ লক্ষ্যে আগামী ফেব্রুয়ারির মধ্যে একটি আদর্শ জনবল কাঠামোর প্রস্তাব আনুষ্ঠানিকভাবে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য বলেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ইনকিলাব** (পৃ.৩,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.১)।

**৯। ডিএনসিসি'র উচ্ছেদ অভিযানে ছয় কোচিং সেন্টারের লাইসেন্স বাতিল**

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) মঙ্গলবার রাজধানীর বিভিন্ন এলাকায় উচ্ছেদ অভিযান পরিচালনা করেছে। এসব অভিযানে অর্ধশত অবৈধ স্থাপনা অপসারণ করা হয়েছে। পাশাপাশি অবৈধ ব্যানার পোস্টার সাঁটানোর কারণে ৬টি কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বাতিল করা হয়েছে। গতকাল (২৬ ডিসেম্বর মঙ্গলবার) এ উচ্ছেদ অভিযান পরিচালনা করেন ডিএনসিসি'র নির্বাহী ম্যাজিস্ট্রেট সাজিদ আনোয়ার। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.৬)।

**১০। আগামীকাল শুরু হচ্ছে শিশু চলচ্চিত্র উৎসব**

বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে আগামীকাল ২৮ ডিসেম্বর বৃহস্পতিবার থেকে দেশ জুড়ে শুরু হচ্ছে চার দিনব্যাপী বাংলাদেশ শিশু চলচ্চিত্র উৎসব। আগামীকাল বিকেলে জাতীয় চিত্রশালা মিলনায়তনে উৎসবের উদ্বোধন করবেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। এ উৎসবে শিশুতোষ ও শিশু নির্মাতাদের চলচ্চিত্র প্রদর্শনীর জন্য ৪০টি চলচ্চিত্র মনোনীত করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৮), **যুগান্তর** (পৃ.১৮,ক.৪), **অবজারভার** (পৃ.৪,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** কুমিল্লার মুরাদনগর উপজেলায় প্রায় অর্ধশতাধিক বিদ্যালয় ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে উল্লেখ করে সারাদেশে এ ধরণের ঝুঁকিপূর্ণ বিদ্যালয় ভবনগুলোর ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **প্রথম আলো :** মংলা সমুদ্রবন্দরের কাস্টম হাউসটি ৫৮ কিলোমিটার দূরত্বে খুলনা শহরের খালিশপুরে অবস্থিত হওয়ায় বন্দর ব্যবহারকারী ব্যবসায়ীদের ভীষণ ভোগান্তি পোহাতে হচ্ছে উল্লেখ করে অবিলম্বে বন্দরটি মংলায় স্থানান্তরের সুপারিশ।

গ. **সংবাদ :** প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফলাফলে দুর্নীতির অভিযোগ পাওয়া যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এসব জালিয়াতির সাথে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **সমকাল :** বাংলাদেশের হজযাত্রীরা যাতে সমুদ্রপথে সৌদি আরব যেতে পারেন সেজন্য হজ জাহাজ চালু করতে যাচ্ছে সরকার এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় স্বস্তি প্রকাশ করে উদ্যোগটির দ্রুত বাস্তবায়ন প্রত্যাশা।

ঙ. **ইনকিলাব, ডেইলি স্টার :** ঢাকায় সরবরাহকৃত জারের পানির শতকরা ৯৮ ভাগেই মানবদেহের জন্য অত্যন্ত ক্ষতিকর ই-কোলি ব্যাকটেরিয়ার সংক্রমণ ধরা পড়ার কথা এক প্রতিবেদনে প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে নিরাপদ স্বাস্থ্যকর বোতলজাত পানি সরবরাহে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি সান :** কৃষিতে নারীদের অংশগ্রহণ কৃষিখাতের উন্নয়নে সহায়ক হচ্ছে বলে মতপ্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মুক্তিযুদ্ধের চেতনা কেবল স্লোগান বা বুলি নয়, এটি আদর্শ হিসেবে ধারণ করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'শিশুর প্রতি যথোচিত গুরুত্ব প্রদান করতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মানব শিশুর গুরুত্বের কথা বিবেচনায় রেখে তাদের প্রতি যথার্থ আচরণ ও ব্যবহার করা সকলের দায়িত্ব।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ঘন্টা